# 2022

## BENGALI

( Honours )

Paper : BEN–HC–1026

( প্রাগাধুনিক সাহিত্য পাঠ–২ )

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। নিম্নলিখিত বিকল্প সমন্বিত প্রশ্নের শুদ্ধ উত্তরটি নির্বাচন করো (যে কোনো দশটি) : ১×১০=১০

(ক) "সহচরী মেলি চললি বররঙ্গিণী"

পদটিতে কোন্ নদীতে স্নান করতে যাবার প্রসঙ্গ আছে?

( যমুনা/গঙ্গা/কালিন্দী/ভাগীরথী )

(খ) "পিয়াস লাগিয়া জলদ সেবিনু
বজর পড়িয়া গেল।
_____ কহে কানুর পিরীতি
মরণ অধিক শেল।।"

শূন্যস্থানের উপযুক্ত বিকল্পটি হল

( গোবিন্দদাস/জ্ঞানদাস/চণ্ডীদাস/রাধামোহন )

(গ) ''মেঘ-যামিনী অতি ঘন আন্ধিয়ার''
পদটিতে রাধা কোন্ রঙের বসনে তাঁর তনুদেহকে আবৃত করে নিয়েছিলেন?

( কালো/ধূসর/সাদা/নীল )

(ঘ) 'ঐছে' শব্দটির অর্থ হল

( এখানে/এমন/ওখানে/আছে )

(ঙ) ওঝার কাছে 'ফণীমুখ-বন্ধন' বিদ্যা শেখার জন্য রাধা কী পণ দিয়েছেন?

( করকঙ্কণ/অঙ্গুরীয়/নূপুর/কুন্তল )

(চ) ''সুখের লাগিয়া এ ঘর বাঁধিনু''
পদটি বৈষ্ণব পদাবলির কোন্ রস-পর্যায়ের অন্তর্গত?

( অভিসার/মাথুর/আক্ষেপানুরাগ/পূর্বরাগ )

(ছ) ''ব্যাসদেবে অন্ন দিতে আপনি চলিলা''
কে ব্যাসদেবকে অন্ন দিতে গিয়েছিলেন?

( অন্নপূর্ণা/বসুন্ধরা/পার্বতী/শিব )

(জ) নিম্নোদ্ধৃত কাব্যাংশটি 'অন্নদামঙ্গল' কাব্যের কোন্ কাহিনি-শীর্ষকের অন্তর্গত?

''কলকোকিল অলিকুল বকুলফুলে।
বসিলা অন্নপূর্ণা মণিদেউলে।।''

( 'ব্রহ্মাদির স্তব'/'জয়ার উপদেশ'/'ব্যাসকৃত গঙ্গা তিরস্কার'/'অন্নপূর্ণার অধিষ্ঠান' )





(ঝ) ভারতচন্দ্রের উক্তি অনুযায়ী নগর পুড়িলে কী এড়ায় না?

( দেবালয়/শিবালয়/বিদ্যালয়/নবদ্বীপ )

(ঞ) ''অরে রে অরে দক্ষ দে রে সতীরে''
দক্ষরাজকে একথা কে বলেছিলেন?

( মহারুদ্র/মহাকাল/মহামায়া/মহাশিব )

(ট) বিষ্ণুচক্র সতীদেহকে খণ্ড খণ্ড করার সময় দেবীর কণ্ঠদেশ কোথায় পড়েছিল?

( মিথিলায়/কামাখ্যায়/কাশ্মীরে/বৈদ্যনাথে )

(ঠ) ব্যাসদেব কোথায় প্রবেশ করে বৈষ্ণবদের সঙ্গে হরিনাম সংকীর্তন করেছিলেন?

( হরিদ্বারে/অন্নপূর্ণার মন্দিরে/কৈলাসে/বারাণসীতে )

(ড) ''কি হলো নবমী নিশি হৈলো অবসান গো''
পদটি কার রচিত?

( কমলাকান্ত/রামপ্রসাদ/হরিমোহন/শ্রীকবিরঞ্জন )

(ঢ) ''গৌরী দিয়ে দিগম্বরে, কেমনে রয়েছ ঘরে''
—এখানে 'দিগম্বর' কে?

( গিরিবর/শিব/দক্ষ/মৈনাক )

(ণ) ''আর শুন অসম্ভব—চারিদিকে শিবারব হে।''
—এখানে 'শিবা' কে?

( দুর্গা/পার্বতী/কুকুর/শৃগাল )

(ত) "_____ রামপ্রসাদ কয়, এ দুঃখ কি প্রাণে সয়,
শিব শ্মশানে মশানে ফিরে, ঘরের ভাবনা ভাবে না।"
শূন্যস্থানের উপযুক্ত বিকল্পটি হল

( কবি/সাধক/সেন/দ্বিজ )

(থ) "রাণী ভাসে প্রেম-জলে, দ্রুতগতি চলে, খসিল কুন্তল-ভার।"
—এখানে 'কুন্তল' শব্দের অর্থ কী?

( খোঁপা/রত্নহার/কেশ/বালা )

(দ) "ওহে প্রাণনাথ গিরিবর হে"
রামপ্রসাদের এই পদটি শাক্তগীতির কোন্ পর্যায়ের অন্তর্গত?

( আগমনী/বিজয়া/ভক্তের আকৃতি/জগজ্জননীর নানা রূপ )

২। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো **পাঁচটি**) : ২×৫=১০

(ক) "রূপে ভরল দিঠি সোঙরি পরশ মিঠি"
এখানে কার রূপের কথা বলা হয়েছে? 'দিঠি' শব্দের অর্থ কী?

(খ) "দরশ পরশ লাগি আউলাইছে গা।" নিম্নরেখ শব্দ দুটির গদ্যরূপ লেখো।

(গ) "কণ্টক গাড়ি কমল সম পদতল
মঞ্জীর চীরহি ঝাঁপি।"
পদটির রচয়িতা কে? এটি বৈষ্ণব পদাবলির কোন্ পর্যায়ের অন্তর্গত?





(ঘ) "অন্নপূর্ণা ক্রোধমনে শাপ দিল দুইজনে
যেমন করিলি দুরাচার।"
অন্নপূর্ণা কোন্ দুজনকে মর্ত্যে মনুষ্যশরীর নিয়ে জন্ম নেবার শাপ দিয়েছিলেন?

(ঙ) "রাজার ভগিনীপতি দুই গুণধাম"
রাজা কৃষ্ণচন্দ্রের দুই ভগ্নীপতির নাম লেখো।

(চ) কোন্ মাসের কোন্ তিথিতে দেবী অন্নপূর্ণার পূজা হয় বলে 'অন্নদামঙ্গল' কাব্যে উল্লেখ রয়েছে?

(ছ) কবি ভারতচন্দ্রকে কোন্ রাজা, কী উপাধিতে ভূষিত করেন?

(জ) "যদি এসে মৃত্যুঞ্জয়, উমা নেবার কথা কয়"
কার মন্তব্যে এই আশঙ্কা প্রকাশ পেয়েছে? মৃত্যুঞ্জয় কে?

(ঝ) "শুনেছি নারদের ঠাঁই, গায়ে মাখে চিতা-ছাই;
ভূষণ ভীষণ তার, গলে ফণিহার।"
কে, কাকে একথা বলেছেন?

(ঞ) "ওগো রাণী, নগরে কোলাহল, উঠ, চল চল"
কে, কাকে 'রাণী' সম্বোধন করে একথা বলেছেন?

৩। যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) "অভিনব হেম কল্পতরু সঞ্চরু
সুরধুনী-তীরে উজোর।
চঞ্চল চরণ- কমলতলে ঝঙ্করু
ভকত-ভ্রমরগণ ভোর।।"
পদটির রচয়িতা কে? এটি বৈষ্ণব পদাবলির কোন্ রস-পর্যায়ের অন্তর্গত? এখানে যে ছবিটি আছে তার বিবরণ দাও। ১+১+৩=৫

(খ) সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখো :

"সুখের লাগিয়া এ ঘর বাঁধিনু
অনলে পুড়িয়া গেল।
অমিয়া সাগরে সিনান করিতে
সকলি গরল ভেল।।"

(গ) "নাগর সঙ্গে রঙ্গে যব বিলসই
কুঞ্জে শুতলি ভুজপাশে।
কানু কানু করি রোয়ই সুন্দরী
দারুণ বিরহ-হুতাশে।।"

পদটির রচয়িতা কে? পদটির অন্তর্নিহিত বক্তব্য কী, লেখো। ১+৪=৫

(ঘ) "নাতিজ্ঞানে বুড়া বলি হাসিছ আমারে।
পাকা দাড়ি বুড়া বর ঘটাব তোমারে।।
আনিব এমন বর বায়ে লড়ে দাঁত।
ঘটক তাহার আমি জানিবা পশ্চাত।।"

কে, কাকে কথাটি বলেছেন? প্রসঙ্গটির বিবরণ দাও। ২+৩=৫

(ঙ) "শরীর করিনু ক্ষয় তোমারে ভাবিয়া।
কি গুণ বাড়িল তব ব্যাসেরে ছলিয়া।।"

কোন্ প্রসঙ্গে, কাকে ব্যাসদেব একথা বলেছেন, লেখো।





(চ) সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখো :

"শিবের কপালে রয়ে প্রভুরে আহুতি লয়ে
না জানি বাড়িল কিবা গুণ।
একের কপালে রহে আরের কপাল দহে
আগুনের কপালে আগুন।।"

(ছ) "বিছায়ে বাঘের ছাল, দ্বারে বসে মহাকাল,
বেরোও গণেশ-মাতা, ডাকে বারবার।
তব দেহ হে পাষাণ, এ-দেহে পাষাণ প্রাণ
এই হেতু এতক্ষণ না হলো বিদার।"

বক্তা কে? তিনি কাকে একথা বলেছেন? প্রসঙ্গটির বর্ণনা দাও। ১+১+৩=৫

(জ) "গিরি এবার আমার উমা এলে"

পদটি কোন্ পর্যায়ের? এখানে মাতৃমনের যে ভাব প্রকাশিত হয়েছে তার বিবরণ দাও। ১+৪=৫

৪। প্রত্যেক গুচ্ছ থেকে ন্যূনতম **একটি** করে মোট **চারটি** প্রশ্নের উত্তর দাও : ১০×৪=৪০

**ক—গুচ্ছ**

(ক) তোমার পঠিত যে কোনো একটি গৌরাঙ্গ-বিষয়ক পদের ভাবসৌন্দর্য বিশ্লেষণ করো।

(খ) 'অভিসার' বলতে কী বোঝায়? বৈষ্ণব পদাবলির এই রস-পর্যায়ের শ্রেষ্ঠ পদকার বলে তুমি কাকে মনে করো? প্রসঙ্গক্রমে তোমার পঠিত পদ অবলম্বনে তাঁর কৃতিত্বের পরিমাপ করো। ৪+১+৫=১০

(গ) গৌরচন্দ্রিকা, পূর্বরাগ ও আক্ষেপানুরাগের পদ রচনায় জ্ঞানদাসের প্রতিভা সম্পর্কে একটি আলোচনা প্রস্তুত করো।

খ—গুচ্ছ

(ঘ) 'অন্নদামঙ্গল' কাব্যের 'গ্রন্থসূচনা' অংশ অবলম্বনে ভারতচন্দ্রের সমকালীন বঙ্গদেশের সামাজিক অবস্থার বর্ণনা দাও।

(ঙ) 'অন্নদামঙ্গল' কাব্যের ব্যাসদেব চরিত্রটির বিশেষত্ব সম্পর্কে আলোচনা করো।

(চ) ভারতচন্দ্রকে 'যুগসন্ধির কবি' কেন বলা হয় তা তোমার পঠিত কাব্যাংশের ঘটনাবলি অবলম্বনে স্পষ্ট করো।

(ছ) 'অন্নদামঙ্গল' কাব্যের অন্তর্গত রতি-কামদেব কাহিনি পর্বের বিবরণ দাও।

গ—গুচ্ছ

(জ) আগমনী পর্যায়ের পদ রচনায় কবি রামপ্রসাদ সেনের কৃতিত্বের পরিমাপ করো।

(ঝ) শাক্তপদাবলির অন্তর্গত 'বিজয়া' পর্যায়ের পদে কমলাকান্ত ভট্টাচার্য যে বাঙালি ঘরের ছবি ফুটিয়ে তুলেছেন তার যথাযথ বর্ণনা দাও।

(ঞ) তোমার পাঠ্য শাক্তপদাবলিতে প্রতিবিম্বিত বাংলার সমাজচিত্রের স্বরূপ স্পষ্ট করো।

★ ★ ★